দৈনিক ইনকিলাব

তারিখ ····7 · JUL · 2009 ···
পৃষ্ঠা ······ কলাম ······

# মাউশির মহাপরিচালকের সাথে শিক্ষক নেতৃবৃন্দের সাক্ষাতে ৮ দফা দাবী

**প্রেস বিজ্ঞপ্তি :** বাংলাদেশ শিক্ষক সমিতির ৯ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক প্রফেসর মোঃ নোমানুর রশীদের সাথে সাক্ষাৎ করেন। শিক্ষক নেতৃবৃন্দ মহাপরিচালকের সাথে একান্ত আলোচনায় বেসরকারী শিক্ষকদের এমপিওভুক্তি সহজীকরণ, জনবল কাঠামো-৯৫ সংস্কার, শাখা অনুমোদন, টাইম স্কেলের জটিলতা নিরসন, সহকারী প্রধান শিক্ষকদের বেতন স্কেল প্রদান, একাধিক তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতি ও নিয়োগ প্রদান, ছাত্রসংখ্যা অনুপাতে তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ, শিক্ষাসংক্রান্ত যে সমস্ত পরিপত্র শিক্ষাক্ষেত্রে জটিলতা সৃষ্টি করেছে সে সকল পরিপত্র বাতিল করার জোর দাবী জানান।